রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৯, ২০২১**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিল্প মন্ত্রণালয়**
**বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ/০৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

**এস.আর.ও নং ২৯৭-আইন/২০২১।**—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ৫০ এ প্রদত্ত ক্ষমতাবলে ইনস্টিটিউশন, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন প্রবিধানমালা, ১৯৮৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(১) প্রবিধান ২ এর দফা (ঝ) এর শেষে উল্লিখিত “।” এর পরিবর্তে “;” প্রতিস্থাপিত হইবে, এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঞ), (ট), (ঠ), (ড), (ঢ), (ণ) এবং (ত) সংযোজিত হইবে, যথা :—

‘‘(ঞ) ‘‘বৃহৎ শিল্প’’, ‘‘মাঝারি শিল্প’’ ও ‘‘ক্ষুদ্র শিল্প’’ অর্থ শিল্প মন্ত্রণালয় কর্তৃক সময় সময় জারীকৃত ‘‘জাতীয় শিল্পনীতি’’ তে উল্লিখিত যথাক্রমে ‘‘বৃহৎ শিল্প’’, ‘‘মাঝারি শিল্প’’ ও ‘‘ক্ষুদ্র শিল্প’’;

(ট) ‘‘হালাল’’ অর্থ ইসলামী শরীয়াহ মোতাবেক গ্রহণযোগ্য প্রক্রিয়াজাত দ্রব্য, প্রসাধন সামগ্রী, ফার্মাসিউটিক্যালস এবং অন্যান্য প্রক্রিয়া (process) বা সেবা (service);


**মূল্য :** টাকা ৮.০০

(ঠ) ''হালাল অডিট'' অর্থ প্রবিধান ১৯ এ উল্লিখিত অডিট;

(ড) ''হালাল অডিট টিম'' অর্থ প্রবিধান ১৯ এর অধীন গঠিত হালাল অডিট টিম;

(ঢ) ''হালাল মার্ক'' অর্থ ইনস্টিটিউশন কর্তৃক ঘোষিত ও রেজিস্ট্রেশনকৃত হালাল সার্টিফিকেশন মার্ক বা লোগো;

(ণ) ''হালাল সার্টিফিকেট'' অর্থ প্রবিধান ২০ এর অধীন ইনস্টিটিউশন কর্তৃক ইস্যুকৃত হালাল সার্টিফিকেট;

(ত) ''হালাল সার্টিফিকেশন কমিটি'' অর্থ প্রবিধান ১৯ এর অধীন গঠিত হালাল সার্টিফিকেশন কমিটি।'';

(২) প্রবিধান ১৭ এর পর নিম্নরূপ নূতন প্রবিধান ১৮, ১৯, ২০, ২১ ও ২২ সংযোজিত হইবে, যথা :—

''১৮। **হালাল সার্টিফিকেটের আবেদনপত্র।**—(১) কোনো প্রক্রিয়াজাত দ্রব্যের গায়ে বা লেবেলে অথবা প্রক্রিয়া বা সেবার অনুকূলে হালাল মার্ক ব্যবহারের উদ্দেশ্যে আগ্রহী কোনো ব্যক্তি ইনস্টিটিউশনের নিকট সার্টিফিকেশনের জন্য ফরম-৪ অনুযায়ী আবেদনপত্র দাখিল করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন দাখিলকৃত আবেদনের সহিত প্রক্রিয়াজাত দ্রব্য বা প্রক্রিয়া বা সেবার উপকরণ, দ্রব্য তৈরি বা সেবার পদ্ধতির বর্ণনা বা ব্যবসা পরিচালনার বৈধ দলিলাদি এবং ক্ষেত্রমত প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ পরিদর্শন ও পরীক্ষণ কর্মসূচি এবং প্রয়োজনীয় টেকনিক্যাল ম্যানুয়াল বা প্লান দাখিল করিতে হইবে।

(৩) আবেদনপত্র, ব্যক্তির ক্ষেত্রে আবেদনকারী স্বয়ং অথবা প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিক, অংশীদার বা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা প্রতিষ্ঠানের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

(৪) আবেদনপত্রের সহিত উপ-প্রবিধান (২) এর অধীন তথ্য ও প্রয়োজনীয় দলিলাদির কোনটির ঘাটতি থাকিলে ইনস্টিটিউশন সম্পূরক তথ্য বা কাগজপত্র নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদনকারীকে দাখিলের জন্য নোটিশ করিবে এবং আবেদনকারী উক্ত তথ্য বা কাগজপত্র ইনস্টিটিউশন বরাবর দাখিল করিবে।

(৫) আবেদনকারী উপ-প্রবিধান (৪) এর অধীন তথ্য বা কাগজপত্র দাখিল করিতে ব্যর্থ হইলে নোটিশে উল্লিখিত সময়ের পর ইনস্টিটিউশন কর্তৃক আবেদনপত্র বাতিল করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

১৯। **হালাল অডিট।**—(১) ইনস্টিটিউশন প্রবিধান ১৮ এর অধীন দাখিলকৃত আবেদন ও কাগজপত্রে বর্ণিত প্রক্রিয়াজাত দ্রব্য বা প্রক্রিয়া বা সেবা সংশ্লিষ্ট আন্তর্জাতিক মান (International Standard) অথবা বাংলাদেশ মান (Bangladesh Standard) এর সহিত সংগতিপূর্ণ কিনা উহা যাচাইয়ের নিমিত্ত অডিট করিতে পারিবে।

(২) এই প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে, ইনস্টিটিউশন, পরিষদের অনুমোদনক্রমে, সময় সময়, আদেশ দ্বারা ইনস্টিটিউশনের কর্মকর্তা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ ও প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়া প্রয়োজনীয় সংখ্যক সদস্য সমন্বয়ে হালাল সার্টিফিকেশন কমিটি গঠন ও উহার কার্যপরিধি নিয়ন্ত্রণ করিতে পারিবে।

(৩) হালাল সার্টিফিকেশন কমিটি উপ-প্রবিধান (১) এ উল্লিখিত হালাল অডিট করিবার জন্য সময় সময়, আদেশ দ্বারা ইনস্টিটিউশনের কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তিদের নিয়া প্রয়োজনীয় সংখ্যক সদস্য সমন্বয়ে হালাল অডিট টিম গঠন ও উহার কার্যপরিধি নির্ধারণ করিতে পারিবে।

(৪) হালাল অডিট টিম উপ-প্রবিধান (১) এ উল্লিখিত হালাল অডিট করিয়া এতদসম্পর্কিত প্রতিবেদন ইনস্টিটিউশনের নিকট দাখিল করিবে।

২০। **হালাল সার্টিফিকেট।**—(১) ইনস্টিটিউশন হালাল অডিট টিমের প্রতিবেদন হালাল সার্টিফিকেশন কমিটির নিকট উপস্থাপন করিবে এবং হালাল সার্টিফিকেশন কমিটি উক্ত প্রতিবেদন এবং প্রবিধান ১৮ এর অধীন দাখিলকৃত আবেদনপত্রে বর্ণিত তথ্যাদি ও কাগজপত্র পর্যালোচনাক্রমে ইনস্টিটিউশন বরাবর সুপারিশ প্রদান করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্ত সুপারিশের ভিত্তিতে ইনস্টিটিউশন ফরম-৫ অনুযায়ী হালাল সার্টিফিকেট ইস্যু করিবে।

(৩) ইস্যুকৃত প্রতিটি হালাল সার্টিফিকেটের মেয়াদ হইবে ০৩ (তিন) বৎসর এবং মেয়াদান্তে প্রবিধান ১৮ তে বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক হালাল সার্টিফিকেট নবায়নের জন্য আবেদন করা যাইবে।

(৪) প্রতিটি হালাল সার্টিফিকেটের জন্য উহা ইস্যু করিবার পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে তফসিল-৩ এ উল্লিখিত হালাল সার্টিফিকেট ফি পরিশোধ করিতে হইবে।

২১। **আবেদন প্রত্যাখ্যান।**—প্রবিধান ১৮ এর অধীন দাখিলকৃত আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি ও কাগজপত্র এবং হালাল অডিট টিমের প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে হালাল সার্টিফিকেশন কমিটির সুপারিশক্রমে ইনস্টিটিউশন হালাল সার্টিফিকেশনের জন্য দাখিলকৃত আবেদন প্রত্যাখ্যান করিতে পারিবে।

২২। **হালাল সার্টিফিকেট স্থগিত বা বাতিল।**—প্রবিধান ২০ এর অধীন ইস্যুকৃত হালাল সার্টিফিকেটে উল্লিখিত কোনো শর্ত সংশ্লিষ্ট ব্যক্তি ভঙ্গ করিলে বা হালাল অডিট টিমের প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে হালাল সার্টিফিকেশন কমিটির সুপারিশক্রমে ইনস্টিটিউশন হালাল সার্টিফিকেট স্থগিত বা বাতিল করিতে পারিবে।'';

(৩) তফসিল-১ এর ফরম-৩ এর পর নিম্নরূপ নূতন ফরম-৪ এবং ফরম-৫ সংযোজিত হইবে, যথা :—

**"ফরম-৪**

[প্রবিধান ১৮(১) দ্রষ্টব্য]

**Bangladesh Standards and Testing Institution (BSTI)**
**Ministry of Industries**
**Government of the People's Republic of Bangladesh**
**116/Ka, Tejgaon Industrial Area, Dhaka-1208.**
**Phone: 8870275, 8870277-81, 48116665**
**E-mail: dg@bsti.gov.bd, bsti@bangla.net**

## Application for Halal Certificate

To
The Director General
Bangladesh Standards and Testing Institution
116/Ka, Tejgaon Industrial Area
Dhaka-1208.

1. I/We, (Name and designation) --------------------------------------------------- of the organization (name and address) ------------------------------------------ ------------------------------------------------------------------------------------------ ----------------------------------------------------have been engaged in the business in the above address and I/We, are applying for issuance of halal certificate for the use of "Halal Certification Mark" keeping in conformity of the product/process/service according to Bangladesh Standards and Testing Institution Act, 2018 (Act No. 67 of 2018).

   The scope of products/process/service are as follows:

| | | |
|---|---|---|
| (a)* | Name of Product: | The related Standard Number(s): |
| | Type/Grade: | |
| | Size: | Name of Ingredients (can be attached): |
| | Brand: | |

| | | |
|---|---|---|
| (b)* | Name of Process/Service: | The related Standard Number(s): |
| | Commodity: | Name of Ingredients/materials (can be attached a list): |

*Note: *An applicant can apply for one item in single application mentioned above.*

2. Certificate Number & Duration (In renewal case):

3. Name and address of the factory or organization, if different from para 1:

4. I do hereby declare that information given below about my organization are true according to my knowledge and belief:

| | | | |
|---|---|---|---|
| (a) Fulltime employee | General Shift and A shift | B Shift | C Shift |
| | | | |
| (b) Investment (in BDT): | | | |
| (c) Size of the factory/industry : (please tick appropriate one) | Large | Medium | Small |

5. Name of the other product/process/service in the factory/organization (if different from para 1).

6. I/We do hereby attached Halal Manual and Halal Control Plan which are prepared as per relevant standard and will keep relevant records and documents of the factory including inspection/monitoring reports.

7. I/We also declare that any changes of the design or quality of the product/ process/ service shall be informed to BSTI.

8. If BSTI desires to visit or audit the factory/organization, I/We shall extend all sorts of cooperation.

9. I/We also declare that I/We shall abide by all terms and conditions of the certificate and the regulations prescribed as per BSTI Act.

Name: Signature, Date and Seal

Father’s Name: ………………………..

Mother’s Name : ………………………

Designation : …………………………..

Name of the Organization : …………..

Address : ………………………………

National Identy (NID) No. : …………..

Phone/Mobile No: ……………………..

E-mail: …………………………………

**ফরম-৫**

[প্রবিধান ২০(২) দ্রষ্টব্য]

**Bangladesh Standards and Testing Institution (BSTI)**
**Ministry of Industries**
**Government of the People's Republic of Bangladesh**
**116/Ka, Tejgaon Industrial Area, Dhaka-1208.**

**HALAL CERTIFICATE**
**This is to certify that**
**XXX XXXXXXXX XXXX/Ltd.**

Head office:…………………

Factory/Business Location:………………..

has been assessed by BSTI in compliance with

BDS OIC/SMIIC XXX:XXXX

Scope of Certification:

**Process/Service/Manufacturing and packaging of ……...................**

**Certificate No: HC-XXXXXX**

**Date of Issue : dd.mm.yyyy**
**Date of Expiry : dd.mm.yyyy**

(………………....……....…….)
Director of Certification Marks Wing, BSTI

(………………....……….)
Director General, BSTI

Conditions: (1)……………………

(2) ……………………

(3) ……………………

(4) ……………………

This certificate must be returned if cancelled or withdrawn'';

(৪) তফসিল-২ এর পর নিম্নরূপ নূতন তফসিল-৩ সংযোজিত হইবে, যথা :—

**‘‘তফসিল-৩**

[প্রবিধান ২০(৪) দ্রষ্টব্য]

প্রতিটি প্রক্রিয়াজাত দ্রব্য, প্রসাধন সামগ্রী, ফার্মাসিউটিক্যালস এবং অন্যান্য প্রক্রিয়া বা সেবার জন্য হালাল সার্টিফিকেট প্রদান বা নবায়নের ফি

| **ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে (টাকা)** | **মাঝারি শিল্পের ক্ষেত্রে (টাকা)** | **বৃহৎ শিল্পের ক্ষেত্রে (টাকা)** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১০০০.০০ (এক হাজার) | ৩০০০.০০ (তিন হাজার) | ৫০০০.০০ (পাঁচ হাজার) |

”।

ইনস্টিটিউশনের আদেশক্রমে

**ড. মোঃ নজরুল আনোয়ার**
মহাপরিচালক (গ্রেড-১)
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)
শিল্প মন্ত্রণালয়।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd